



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/20/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল অস্থায়ী সুরক্ষিত স্ট্যাটাসের ফেডারেল এক্সটেনশনের পথ ধরে  
আশ্রয়প্রার্থী এবং অভিবাসী সংকট মোকাবেলায় নতুন স্টেট উদ্যোগের ঘোষণা করেন

হোয়াইট হাউস প্রেসিডেন্ট বাইডেন এবং গভর্নর হোকলের মধ্যে আলাপের পরে যোগ্য  
ব্যক্তিদের জন্য কাজের অনুমোদনের নতুন পদক্ষেপ ঘোষণা করেন

নিউ ইয়র্ক স্টেট লেবার ডিপার্টমেন্ট কর্ম-যোগ্য আশ্রয়প্রার্থী এবং অভিবাসীদের কর্মী  
তালশ কারী নিয়োগকর্তাদের সাথে সংযুক্ত করবে

কাজের অনুমোদন পেতে পেপারওয়ার্ক ফাইল করতে অভিবাসীদের সাহায্য করার  
জন্য স্টেট 30 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বরাদ্দ করেছে

ভেনিজুয়েলার কিছু ব্যক্তি, যারা 21 জুলাই 2023 বা তার আগে মার্কিন যুক্তরাষ্ট্রে অবিচ্ছিন্নভাবে  
বসবাস করেছেন, অস্থায়ী সুরক্ষিত স্ট্যাটাসের জন্য আবেদন করার জন্য তারা যোগ্য হবেন,  
হোয়াইট হাউসের কর্মকর্তারা এটি ঘোষণা করার পর গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্কে  
আশ্রয়প্রার্থী এবং অভিবাসী সংকট মোকাবেলার জন্য নতুন স্টেট উদ্যোগের ঘোষণা দিয়েছেন।  
তাদের আশ্রয় ব্যবস্থা থেকে বেরিয়ে আসতে এবং স্বাধীনভাবে বসবাস শুরু করার অনুমতি দিয়ে  
এই ঘোষণাটি গভর্নর হোকল এবং আশ্রয়প্রার্থী ও অভিবাসীদের জন্য কাজের অনুমোদন  
সুরক্ষিত করতে কাজ করা নিউ ইয়র্কবাসীদের একটি বিস্তৃত কোয়ালিশনের পক্ষ থেকে এক  
বছরেরও বেশি সময় ধরে সমর্থনের পথ অনুসরণ করে।

"কাজের অনুমোদনই অভিবাসী সংকট থেকে মুক্তির উপায়," গভর্নর হোকল বলেন। "যে  
সকল ব্যক্তি আইনগত ওয়ার্ক স্ট্যাটাস অর্জন করে তারা আশ্রয় ব্যবস্থা থেকে বেরিয়ে আসতে,  
কাজের সুযোগ খুঁজে পেতে এবং আমেরিকান স্বপ্নে তাদের সাফল্য পেতে সক্ষম হবে। এই  
ব্যক্তিদের আইনগত স্ট্যাটাসের পথে নিয়ে যেটি একটি কাজের অনুমোদনের মাধ্যমে আসে,  
হোয়াইট হাউসের পক্ষ থেকে এই ঘোষণা একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। প্রেসিডেন্ট বাইডেন  
আবারও নিউ ইয়র্কবাসীদের জন্য তার প্রতিশ্রুতি রক্ষা করেছেন এবং আমরা সংখ্যাগরিষ্ঠ লিডার  
শুমার, লিডার জেফ্রিস, সিনেটর গিলিব্র্যান্ড, মেয়র অ্যাডামস, নিউ ইয়র্ক কংগ্রেসনাল  
ডেলিগেশনের ডেমোক্রেটিক মেম্বার এবং এই উদ্যোগকে সমর্থনকারী ব্যবসায়ী ও শ্রমিক  
নেতাদের প্রতি কৃতজ্ঞ।"

আজ রাতের প্রারম্ভে, প্রেসিডেন্ট বাইডেন, সেক্রেটারি মায়োরকাস এবং হোমল্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট ভেনেজুয়েলার নির্দিষ্ট ব্যক্তিদের জন্য অস্থায়ী সুরক্ষিত স্ট্যাটাস (Temporary Protected Status, TPS) এর পুনর্বিন্যাস ঘোষণা করেছেন। ফেডারেল আইনের অধীনে, TPS এর সাপেক্ষে ব্যক্তির তাদের আবেদন জমা দেওয়ার 30 দিন পরে কাজ করার জন্য আইনতভাবে অনুমোদিত হতে পারে, যেখানে অন্য নতুন আগমনকারীদের জন্য 180-দিনের ওয়েটিং পিরিয়ডের ব্যাপার আছে। তাদের আইনগত কাজের স্ট্যাটাসের জন্য 180 দিন অপেক্ষা করার সময়ে, আশ্রয়প্রার্থী এবং অভিবাসীরা পে-চেক উপার্জন করতে বা ভাড়া দিতে সক্ষম হয় না, ফলে সরকারিভাবে অর্থায়ন করা আশ্রয়কেন্দ্র বা হোটেলে থাকা লম্বা সময় হয়ে যায়।

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট লেবার ডিপার্টমেন্টকে নিয়োগকর্তাদের নতুন-যোগ্য আশ্রয়প্রার্থী এবং অভিবাসী যারা কাজের অনুমোদন পাওয়ার পথে তাদের সাথে সংযুক্ত করার নির্দেশ দিয়েছেন। 16টি পৃথক স্টেট সংস্থার প্রতিনিধিত্বকারী 70 জনেরও বেশি স্টেট কর্মীকে এই কাজের অনুমোদনের প্রচেষ্টায় সহায়তা করার জন্য বাড়ানো হয়েছে। গত মাসে, গভর্নর [ঘোষণা করেছিলেন](#) যে বিভাগ একটি নতুন [পোর্টাল](#) চালু করেছে যেটি স্টেটকে জানাতে ব্যবসায়িকলোকে সক্ষম করে যে তারা নতুন-অনুমোদিত ব্যক্তিদের তাদের কর্মীবাহিনীতে স্বাগত জানাবে। বিভাগটি একটি নতুন [নিবন্ধন](#) প্রক্রিয়াও তৈরি করেছে যেখানে আশ্রয়প্রার্থী এবং কাজের অনুমোদন পাওয়া অভিবাসীরা সহায়তার জন্য নিবন্ধন করতে সক্ষম হন। নিউ ইয়র্ক স্টেট লেবার ডিপার্টমেন্ট এবং ইউনাইটেড স্টেট লেবার ডিপার্টমেন্টের কর্মকর্তাগণ আগামী দিনে অংশীদারিত্ব এবং প্রবৃদ্ধির সুযোগ নিয়ে আলোচনা করার জন্য মিলিত হবেন।

গভর্নর হোকলের নির্দেশে, নিউ ইয়র্ক স্টেট ভেনেজুয়েলার বাসিন্দা এবং অন্যান্য আশ্রয়প্রার্থী ও অভিবাসীদের দ্রুত আইনগত কাজের স্ট্যাটাস পাওয়ার জন্য যথাযথ পেপার ওয়ার্ক জমা দিতে সহায়তা করতে প্রস্তুত। ফেডারেল এবং সিটি কর্মকর্তাদের সাথে অংশীদারিত্বে কাজ করে, নিউ ইয়র্ক একটি "কাজের মাস" এর মধ্যে রয়েছে যেখানে হোমল্যান্ড সিকিউরিটির ফেডারেল ডিপার্টমেন্ট থেকে 50 জনেরও বেশি কর্মী কাজ অনুমোদনের পেপার ওয়ার্ক প্রক্রিয়া করার জন্য কাজ করছেন। NYC হেলথ + হসপিটাল এর মাধ্যমে একটি [কেসওয়ার্ক বৃদ্ধিতে](#) নিউ ইয়র্ক সিটিকে সাহায্য করার জন্য বরাদ্দ করা অতিরিক্ত 20 মিলিয়ন মার্কিন ডলার, সেইসাথে অর্থ বছর 24 এর বাজেটে অভিবাসী [আইনি পরিষেবার](#) জন্য বরাদ্দ করা 10 মিলিয়ন মার্কিন ডলারের উপর ভিত্তি করে এটি তৈরি করে।

গভর্নর হোকল এই সংকটের অবসানের মূল বিষয় হিসেবে কাজের অনুমোদনকে চিহ্নিত করেছেন। সেই মাসের শুরুতে প্রেসিডেন্ট বাইডেনের কাছে একটি [চিঠিতে](#) যে অনুরোধ করেছিলেন তার পুনরাবৃত্তি করে তিনি তিন সপ্তাহ আগে হোয়াইট হাউসে তার [বৈঠকের](#) সময় প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে এই বিষয়টি উত্থাপন করেছিলেন। গভর্নর এই সংকট জুড়ে নিউ ইয়র্ক সিটিকে সমর্থন করেছেন, যার মধ্যে রয়েছে অর্থ বছর 24 বাজেটের শুরুতে 1.7 বিলিয়ন মার্কিন ডলার স্টেট অর্থায়নে দেওয়া, ন্যাশনাল গার্ডের 2,000 জনেরও বেশি সদস্য মোতায়েন করা এবং স্টেট মালিকানাধীন জমিকে মানবিক জরুরি ত্রাণ এবং প্রতিক্রিয়ার উদ্যোগ হিসাবে ব্যবহার করা।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)